# বিসিএস প্রশাসন একাডেমি

# একাডেমি বার্তা

**www.bcsadminacademy.gov.bd** **এপ্রিল-জুন সংখ্যা ২০২৩**

“বাংলাদেশের জনগন যাতে সেবা পায় সেই লক্ষ্যে কাজ করতে হবে”

– মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা







প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে ভাষণ প্রদান করছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

বিসিএস প্রশাসন একাডেমিতে ১৫ মে ২০২৩ তারিখে ১২৭তম, ১২৮তম এবং ১২৯তম আইন ও প্রশাসন কোর্সের সনদ প্রদান ও সমাপনী অনুষ্ঠান আয়োজিত হয়। এ আয়োজনে প্রধান অতিথির আসন অলংকৃত করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন এম.পি. আরও উপস্থিত ছিলেন মন্ত্রিপরিষদ সচিব জনাব মাহবুব হোসেন, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী, বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন এবং নব্যযোগদানকৃত রেক্টর (সচিব), ড. মো: ওমর ফারুক, একাডেমির অনুষদ সদস্য, আমন্ত্রিত অতিথিবৃন্দ। ১২৭তম, ১২৮তম এবং ১২৯তম আইন ও প্রশাসন কোর্সের ১১৪ (একশত চৌদ্দ) জন প্রশিক্ষণার্থীকে শপথবাক্য পাঠ করান বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন। স্বাগত বক্তব্যে তিনি মাননীয় প্রধানমন্ত্রীকে বিসিএস প্রশাসন একাডেমিতে এসে নবীন কর্মকর্তাদের উৎসাহ প্রদান করায় আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য প্রদান করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন এম.পি. এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী। মাননীয় প্রধানমন্ত্রী মেধাতালিকায় প্রথম, দ্বিতীয়, তৃতীয়স্থান অর্জনকারীসহ ১১৪ (একশত চৌদ্দ) জন প্রশিক্ষণার্থীকে সফলভাবে কোর্স সমাপ্ত করায় অভিনন্দন জানান ও সনদ প্রদান করেন। বিসিএস প্রশাসন ক্যাডারের নবীন কর্মকর্তাদের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর নিকট হতে সনদ গ্রহণের মুহূর্তটি ছিল পরম আনন্দের। মাননীয় প্রধানমন্ত্রী বিসিএস প্রশাসন একাডেমি কর্তৃক প্রকাশিত স্যুভিনরের মোড়ক উন্মোচন করেন। অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে ভাষণ প্রদান করেন। মাননীয় প্রধানমন্ত্রী প্রশিক্ষণার্থী কর্মকর্তদের উদ্দেশ্যে বলেন “বাংলাদেশকে ২০৪১ সালের মধ্যে উন্নত দেশ হিসেবে প্রতিষ্ঠা করার যে পরিকল্পনা নিয়েছি, সেই পরিকল্পনা বাস্তবায়নের মূল কারিগর আপনারাই হবেন। কাজেই বাংলাদেশের জনগন যাতে সেবা পায়, সেভাবে কাজ করবেন।”

## মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে ১২৭তম, ১২৮তম এবং ১২৯তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দ




ছবি-২: মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে ১২৭তম, ১২৮তম ও ১২৯তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দ




মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিসিএস প্রশাসন একাডেমিকে শুভেচ্ছা স্মারক প্রদান করেন




পরিদর্শন বইয়ে স্বাক্ষর করেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা




মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আমন্ত্রিত অতিথিবর্গের সাথে ফটোসেশনে অংশগ্রহণ করেন



মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিসিএস প্রশাসন একাডেমির অনুষদসদস্যদের সাথে ফটোসেশনে অংশগ্রহণ করেন



মাননীয় প্রধানমন্ত্রীর সম্মুখে সাংস্কৃতিক পরিবেশনায় প্রশিক্ষণার্থীগণ বাংলাদেশের সংগ্রাম ও বাঙালি জাতির আত্মত্যাগের ইতিহাস তুলে ধরেন


## আইন ও প্রশাসন কোর্সে জাতীয় সংসদের মাননীয় স্পিকার ড. শিরিন শারমিন চৌধুরী





০২ এপ্রিল ২০২৩ তারিখে ১২৭তম, ১২৮তম এবং ১২৯তম আইন ও প্রশাসন কোর্সে উন্মুক্ত সেশন পরিচালনা করেন জাতীয় সংসদের স্পিকার ড. শিরিন শারমিন চৌধুরী। তিনি সংবিধানে মৌলিক অধিকারের বিষয়াবলী, আইনের শাসন, জুরিসপ্রুডেন্স এসব বিষয়ে আলোচনা করেন। এ সেশনে প্রশিক্ষণার্থীবৃন্দসহ একাডেমির অনুষদ সদস্যবর্গ উপস্থিত ছিলেন।

## বিসিএস প্রশাসন একাডেমির নবযোগদানকৃত রেক্টর (সচিব) ড. মোঃ ওমর ফারুক




ক্যাপশনঃ বিসিএস প্রশাসন একাডেমির নবযোগদানকৃত রেক্টর (সচিব) ড. মোঃ ওমর ফারুক বিদায়ী বিদায়ী রেক্টর জনাব মোমিনুর রশিদ আমিন এর নিকট হতে দায়িত্বভার গ্রহণ করেন। এ সময় বিদায়ী রেক্টর নবযোগদানকৃত রেক্টরকে ফুল দিয়ে বরণ করেন

ড. মো: ওমর ফারুক ১০ মে ২০২৩ খ্রি. তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিব পদে পদোন্নতি প্রাপ্ত হয়ে বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর হিসেবে যোগদান ও ১৫ মে ২০২৩ তারিখে দায়িত্বভার গ্রহণ করেন। ইতোর্পূবে তিনি অতিরিক্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ ও কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের অতিরিক্ত দায়িত্বে কর্মরত ছিলেন।

বিসিএস (প্রশাসন) ক্যাডারের ত্রয়োদশ ব্যাচের একজন কর্মকর্তা হিসেবে তিনি ১৯৯৪ সালের ২৫ এপ্রিল বিসিএস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন। তিনি সহকারি কমিশনার ও ম্যাজিস্ট্রেট হিসেবে তার চাকরি শুরু করেন এবং বাংলাদেশ সরকারের প্রশাসনের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে কাজ করেছেন। তিনি মাঠ প্রশাসনে জেলা প্রশাসকের কার্যালয় মেহেরপুর, খুলনা, ঝিনাইদহ ও বাগেরহাটে বিভিন্ন দায়িত্ব পালন করেন। তিনি ডুমুরিয়া উপজেলার উপজেলা নির্বাহী অফিসার হিসেবেও দায়িত্ব পালন করেছেন। মাঠ প্রশাসনের পাশাপাশি তিনি প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ে, উপসচিব হিসেবে শিক্ষা মন্ত্রণালয় ও যুগ্মসচিব হিসেবে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়েও দায়িত্ব পালন করেছেন। তিনি বাংলাদেশ ডেপুটি হাই কমিশন, কলকাতা, ভারতে প্রথম সচিব (বাণিজ্যিক) হিসেবে ৫ বছরেরও বেশি সময় (২০০৯-২০১৪) দায়িত্ব পালন করেন। সিভিল সার্ভিসে যোগদানের আগে তিনি শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগের প্রভাষক হিসেবে নির্বাচিত হন।

ড. মো: ওমর ফারুক ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট (ISWR) থেকে সমাজকল্যাণ বিষয়ে প্রথম শ্রেণীতে ১ম স্থান অর্জনপূর্বক অনার্স ও প্রথম শ্রেণীতে ২য় স্থান অধিকার করে স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। উল্লেখ্য, তিনি ১৯৮৫ সনে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যশোর বোর্ডের অধীন সরকারী বি. এল. কলেজ, খুলনা থেকে মানবিক বিভাগে ১ম স্থান অধিকারের গৌরব অর্জন করেন। এছাড়াও, তিনি ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ (IBS), রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে আন্তর্জাতিক শ্রম অভিবাসনে পিএইচ.ডি. ডিগ্রী লাভ করেছেন। তাঁর অভিসন্দর্ভের বিষয় হল "International Migration and Labour Rights: Obligations, Challenges and Policy Options for Bangladesh". তাঁর আগ্রহের ক্ষেত্রগুলি হল আন্তর্জাতিক অভিবাসন, শ্রম অধিকার, শ্রম কল্যাণ, শিল্প-সম্পর্ক, জেন্ডার সমস্যা, নারীর ক্ষমতায়ন, সামাজিক গবেষণা, জননীতি, নীতি ও পরিকল্পনা, কর্মী ও অফিস ব্যবস্থাপনা, মানব সম্পদ উন্নয়ন, সামাজিক নিরাপত্তা এবং কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ইত্যাদি।

## টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধিসৌধে একাডেমির নবযোগদানকৃত রেক্টর (সচিব) ড. মোঃ ওমর ফারুক-এর শ্রদ্ধা নিবেদন



সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, বাংলাদেশের মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর সমাধিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমিতে নব-যোগদানকৃত রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক মহোদয়। পরবর্তীতে রেক্টর (সচিব) মহোদয় পরিদর্শন বইতে তাঁর মন্তব্য লিপিবদ্ধ করেন এবং গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় অবস্থিত সমাধি সৌধের বিভিন্ন স্মৃতিময় জায়গা পরিদর্শন করেন। এ সময় বিসিএস প্রশাসন একাডেমির অনুষদবৃন্দ উপস্থিত ছিলেন।



## ধানমন্ডি ৩২ নাম্বারে জাতির পিতার প্রতিকৃতিতে একাডেমির নবযোগদানকৃত রেক্টর (সচিব) ড. মোঃ ওমর ফারুক-এর শ্রদ্ধা নিবেদন



একাডেমিতে যোগদানের পর নবযোগদানকৃত রেক্টর (সচিব) ড. মোঃ ওমর ফারুক ধানমন্ডি ৩২ নাম্বারে অবস্থিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পন করেন ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর স্মৃতিবিজড়িত জাদুঘর পরিদর্শন করেন। এ সময় বিসিএস প্রশাসন একাডেমির অনুষদবৃন্দ উপস্থিত ছিলেন।

## ১২৭তম, ১২৮তম এবং ১২৯তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীদের সরকারের অগ্রাধিকার প্রকল্প মেট্রোরেল পরিদর্শন





মেট্রোরেল মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী চিন্তার একটি মেগা প্রকল্প এবং বাংলাদেশের গর্ব ও আকাঙ্ক্ষার প্রতীক, এটি বাংলাদেশের শহরের গণপরিবহন ব্যবস্থায় একটি অনন্য মাইলফলক। ১৬ এপ্রিল, ২০২৩-এ, বিসিএস প্রশাসন একাডেমির ১২৭তম, ১২৮তম এবং ১২৯তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থী কর্মকর্তারা বাংলাদেশের ঢাকায় মেট্রো রেল প্রকল্প পরিদর্শন করেন। অংশগ্রহণকারীরা উত্তরা সেন্টার স্টেশন থেকে আগারগাঁও স্টেশনে যাওয়ার আগে মেট্রোরেল প্রদর্শনী কেন্দ্রে তাদের পরিদর্শন শুরু করেন। ১২৭তম, ১২৮তম এবং ১২৯তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থী কর্মকর্তারা ঢাকা গণপরিবহন কোম্পানি (ডিএমটিসিএল) আয়োজিত একটি ব্রিফিং সেশনে অংশ নেন। এমআরটি লাইন-৫-এর অতিরিক্ত প্রকল্প পরিচালক জনাব মোহাম্মদ আবদুর রউফ সেশনে নেতৃত্ব দেন এবং ডিএমটিসিএল-এর কার্যাবলী, দায়িত্ব, ঢাকা শহরে মেট্রো রেলের মাস্টার প্ল্যান, চলমান প্রকল্পের বিস্তারিত ব্যাখ্যা দেন এবং প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের প্রশ্নের উত্তর দেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ মোখলেছুর রহমান সরকার, এমডিএস (প্রশাসন ও প্রশিক্ষণ), বিসিএস প্রশাসন একাডেমি, জনাব মোঃ খায়রুল কবির মেনন, এমডিএস (উন্নয়ন ও গবেষণা), বিসিএস প্রশাসন একাডেমি এবং বিসিএস প্রশাসন একাডেমির পরিচালক (গবেষণা ও প্রকাশনা) ড. মোঃ আতাউল গনি। পরিদর্শনের উদ্দেশ্য ছিল প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের মেট্রো রেল প্রকল্পের বাস্তব জ্ঞান প্রদান করা এবং চলমান অগ্রগতি প্রত্যক্ষ করার সুযোগ দেওয়া। এই সফরের লক্ষ্য ছিল প্রশিক্ষণার্থী অফিসারদের এই ধরনের বিশাল মাপের প্রকল্প পরিচালনার জটিলতা এবং এর সাথে গুরুত্বপূর্ণ দায়িত্বগুলি বুঝতে সহায়তা করা।

## ফিটলিস্টভুক্ত ইউএনওদের৪৫তম ও ৪৬তম ওরিয়েন্টেশন কোর্সে মন্ত্রিপরিষদ সচিব মোঃ মাহবুব হোসেন






গত ১৪ জুন  ২০২৩ তারিখে বিসিএস প্রশাসন একাডেমিতে সম্মানিত মন্ত্রিপরিষদ সচিব জনাব মোঃ মাহবুব হোসেন সেশন পরিচালনা করেন। এ সময় তিনি বলেন ২০৪১ সালের ভবিষ্যত বিকশিত স্মার্ট বাংলাদেশের একজন দক্ষ, দক্ষ, কৌশলী এবং যোগ্য কর্মকর্তা হওয়ার কৌশলগুলি নিয়ে আলোচনা করেছেন। একাডেমির রেক্টর (সচিব) ড. মোঃ ওমর ফারুক এবং অনুষদরাও এসময় উপস্থিত ছিলেন। মাননীয় মন্ত্রিপরিষদ সচিব মোঃ মাহবুব হোসেন একাডেমিতে অবস্থিত “বঙ্গাবন্ধু স্টাডি সেন্টার” পরিদর্শন করেন।

## ফিটলিস্টভুক্ত ইউএনওদের ৪৫তম ও ৪৬তম ওরিয়েন্টেশন কোর্সে সাবেক মন্ত্রিপরিষদ সচিব খন্দকার আনোয়ারুল ইসলাম






১৫ জুন ২০২৩ তারিখে বিসিএস প্রশাসন একাডেমিতে সাবেক মন্ত্রিপরিষদ সচিব জনাব খন্দকার আনোয়ারুল ইসলাম ফিটলিস্টভুক্ত ইউএনওদের উপজেলা প্রশাসন ও উন্নয়ন বিষয়ক ৪৫তম ও ৪৬তম ওরিয়েন্টেশন কোর্সে শুদ্দাচার বিষয়ে সেশন পরিচালনা করেন।

## ফিটলিস্টভুক্ত ইউএনওদের ৪৫তম ও ৪৬তম ওরিয়েন্টেশন কোর্সে সাবেক সচিব এন আই খান




বিসিএস প্রশাসন একাডেমিতে ফিটলিস্টভুক্ত ইউএনওদের উপজেলা প্রশাসন ও উন্নয়ন বিষয়ক ৪৩তম ওরিয়েন্টেশন কোর্সে ২৩ মে ২০২৩ তারিখে সেশন পরিচলনা করেন সাবেক সচিব ও জাতীয় জাদুঘরের কিউরেটর জনাব নজরুল ইসলাম খান (এন আই খান)। এ সময় তিনি নেতৃত্ব ও দলে কাজ করার বিষয়ে প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের সম্যক ধারনা প্রদান করেন।

## ফিটলিস্টভুক্ত ইউএনওদের উপজেলা প্রশাসন ও উন্নয়ন বিষয়ক ৪৩তম ওরিয়েন্টেশন কোর্স





বিসিএস প্রশাসন একাডেমিতে ৭ মে হতে দু সপ্তাহ মেয়াদে ফিটলিস্টভুক্ত ইউএনওদের উপজেলা প্রশাসন ও উন্নয়ন বিষয়ক ৪৩তম ওরিয়েন্টেশন কোর্স আয়োজিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন এম.পি.। দুই সপ্তাহ মেয়াদী এই প্রশিক্ষণ কোর্সের সমাপনান্তে বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর ও সরকারের সচিব ড. মোঃ ওমর ফারুক প্রশিক্ষণার্থীদের সনদ প্রদান করেন। এ সময় উপস্থিত ছিলেন একাডেমির এমডিএস (প্রশিক্ষণ ও প্রশাসন) জনাব মোখলেসুর রহমান সরকার, কোর্স ডিরেক্টর ড মোঃ আতাউল গনি সহ অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ।

## ফিটলিস্টভুক্ত ইউএনওদের উপজেলা প্রশাসন ও উন্নয়ন বিষয়ক ৪৪তম ওরিয়েন্টেশন কোর্স



বিসিএস প্রশাসন একাডেমিতে ২১ মে ২০২৩ হতে  দু সপ্তাহ মেয়াদে ফিটলিস্টভুক্ত ইউএনওদের উপজেলা প্রশাসন ও উন্নয়ন বিষয়ক ৪৪তম ওরিয়েন্টেশন কোর্স আয়োজিত হয়। ই প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর ও সরকারের সচিব ড. মোঃ ওমর ফারুক, সভাপতিত্ব করেন একাডেমির এমডিএস (প্রশিক্ষণ ও প্রশাসন) জনাব মোহাম্মদ মোখলেসুর রহমান সরকার। কোর্স সফলভাবে সমাপ্ত করার পর প্রশিক্ষণার্থীদের সনদ প্রদান করা হয়।

## ফিটলিস্টভুক্ত ইউএনওদের উপজেলা প্রশাসন ও উন্নয়ন বিষয়ক ৪৫তম ও ৪৬তম ওরিয়েন্টেশন কোর্স



বিসিএস প্রশাসন একাডেমিতে ১১ জুন ২০২৩ হতে ২২ জুন ২০২৩ তারিখে ফিটলিস্টভুক্ত ইউএনওদের উপজেলা প্রশাসন ও উন্নয়ন বিষয়ক ৪৫তম ও ৪৬তম ওরিয়েন্টেশন কোর্স আয়োজিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মানিত সিনিয়র সচিব জনাব মেজবাহ উদ্দিন চৌধুরী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর ও সরকারের সচিব ড. মোঃ ওমর ফারুক । সমাপনী অনুষ্ঠানে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মানিত সিনিয়র সচিব জনাব মেজবাহ উদ্দিন চৌধুরী প্রশিক্ষণার্থীদের সনদ প্রদান করেন। বিসিএস প্রশাসন ক্যাডারের সিনিয়র সচিব পর্যায়ের ১০০ জন কর্মকর্তা দুটি কোর্সে প্রশিক্ষণ গ্রহণ করেন। এ প্রশিক্ষণ কোর্সে বিসিএস প্রশাসন ক্যাডারের কর্মকর্তাবৃন্দ উপজেলা প্রশাসন, উন্নয়ন কার্যক্রম ব্যবস্থাপনা, উপজেলা তহবিল ব্যবস্থাপনা, দূর্যোগ ব্যবস্থাপনা ও ভূমিসেবা সহ বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ লাভ করেন।

## বিসিএস প্রশাসন একাডেমির ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান




একাডেমির শুদ্ধাচার পুরস্কারপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীগণের সাথে প্রধান অতিথি, বিশেষ অতিথি ও সভাপতি

গত তারিখে বিসিএস প্রশাসন একডেমির শুদ্ধাচার পুরস্কার প্রদান অনুষ্ঠান আয়োজিত হয়। এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মানিত সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী। তিনি পুরস্কারপ্রাপ্তদের সনদ ও ক্রেস্ট প্রদান করেন। বিশেষ অতিথি ছিলেন জনপ্রশাসন মন্ত্রনালয়ের ক্যারিয়ার প্ল্যানিং ও ট্রেনিং অনুবিভাগের অতিরিক্ত সচিব ড. মোঃ শহিদুল্যাহ, সভাপতিত্ব করেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর এবং সরকারের সচিব ড. মোঃ ওমর ফারুক।

বিসিএস প্রশাসন একাডেমির ২য় থেকে ৯ম গ্রেডের কর্মকর্তাদের মধ্য হতে শুদ্ধাচার পুরস্কার ২০২২-২৩ অর্জন করেন জনাব ইলিয়া সুমনা, যুগ্মসচিব ও পরিচালক (প্রশিক্ষণ), বিসিএস প্রশাসন একাডেমি। তিনি বিসিএস প্রশাসন ক্যাডারের ২০তম ব্যাচের একজন কর্মকর্তা। ১০তম হতে ১৬ তম গ্রেডে কর্মরতদের মধ্য হতে বিসিএস প্রশাসন একাডেমির শুদ্ধাচার পুরস্কার ২০২২-২৩ অর্জন করেন জনাব মোঃ আব্দুল হান্নান, ইমাম, বিসিএস প্রশাসন একাডেমি। ১৭তম হতে ২০ তম গ্রেডে কর্মরতদের মধ্য হতে বিসিএস প্রশাসন একাডেমির শুদ্ধাচার পুরস্কার ২০২২-২৩ পেয়েছেন জনাব মোঃ হোসেন, পরিচ্ছন্নতাকর্মী, বিসিএস প্রশাসন একাডেমি। অনুষ্ঠানে বিসিএস প্রশাসন একাডেমির মেম্বার ডিরেক্টিং স্টাফ (প্রশাসন ও প্রশিক্ষণ) এবং সরকারের অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ মোখলেসুর রহমান সরকারসহ একাডেমিতে কর্মরত সকল গ্রেডের অনুষদ সদস্য, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

## হাভার্ড কেনেডি স্কুলের প্রতিনিধিদলের বিসিএস প্রশাসন একাডেমি পরিদর্শন





হার্ভার্ড কেনেডি স্কুল-ইউএসএ-এর একটি প্রতিনিধি দল প্রশিক্ষকদের প্রশিক্ষণ এবং পাঠ্যক্রম পর্যালোচনা প্রক্রিয়া নিয়ে আলোচনা করতে ০৯ এপ্রিল ২০২৩ তারিখে বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি পরিদর্শন করে। তারা বিসিএস অ্যাডমিন একাডেমিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে ফুল দিয়ে শ্রদ্ধা জানান। তারা একাডেমির গ্রন্থাগার, বঙ্গবন্ধু অধ্যয়ন কেন্দ্র পরিদর্শন করেন। তাদেরকে একাডেমির উপর একটি ডকুমেন্টারি এবং পাঠ্যক্রম পর্যালোচনা প্রক্রিয়ার উপর উপস্থাপনা প্রদান করা হয় এবং সরকারের রেক্টর ও সচিব জনাব মমিনুর রশীদ আমিন এবং অনুষদের সদস্যদের সাথে গভীর আলোচনা করা হয়। স্বাগত বক্তব্য রাখেন রেক্টর জনাব মমিনুর রশিদ আমিন। প্রতিনিধি দল পাবলিক প্রকিউরমেন্ট (পিপি), আইসিটি এবং ফরাসি ল্যাঙ্গুয়েজ, আইন ও প্রশাসন কোর্সের চলমান সেশনগুলিও পর্যবেক্ষণ করে। তারা বিসিএস প্রশাসন একাডেমির মর্যাদা সমুন্নত রাখতে গৃহীত প্রচেষ্টার ভূয়সী প্রশংসা করেন। তাদের সফরটি পিএমও এবং হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের ফল। গভর্ন্যান্স ইনোভেশন ইউনিট (জিআইইউ) এর প্রতিনিধি দলও হার্ভার্ড প্রতিনিধিদলের সফরে সঙ্গে ছিল।



## দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স







বিসিএস প্রশাসন একাডেমিতে ২১ মে ২০২৩ হতে ০১ জুন ২০২৩ তারিখে জাতীয় দক্ষতা উন্নয়ন বিষয়ক কোর্স আয়োজিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিসিএস প্রশাসন একাডেমির এমডিএস ( প্রশাসন ও প্রশিক্ষণ) ও সরকারের অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ মোখলেসুর রহমান সরকার। সমাপনী অনুষ্ঠানে একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক প্রশিক্ষণার্থীদের সনদ প্রদান করেন। এ প্রশিক্ষণ প্রশিক্ষণার্থীবৃন্দ আর্থিক ব্যবস্থাপনা, দক্ষতা কর্তৃপক্ষের বিভিন্ন আইন, ম্যানার, এটিকেট, সরকারি বিভিন্ন উন্নয়ন উদ্যোগ, টেকসই উন্নয়নসহ বিভিন্ন বিষয়ে ধারণা লাভ করেন।

# চতুর্থ শিল্প বিপ্লব ও সিভিল সার্ভিসের করণীয় বিষয়ক কর্মশালা







বিসিএস প্রশাসন একাডেমিতে গত ১৪ জুন ২০২৩ তারিখে চতুর্থ শিল্প বিপ্লব ও সিভিল সার্ভিসের করণীয় বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ড. মো: আব্দুল মান্নান বিপিএএ, সাবেক নির্বাহী পরিচালক (গ্রেড-১), বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল টিম লিডার এবং সিনিয়র কনসালটেন্ট জিইএমএস, জনপ্রশাসন মন্ত্রণালয়। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর ড. আব্দুল জব্বার খান, প্রো-ভাইস চ্যান্সেলর, বাংলাদেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বুয়েট)। ড. দেওয়ান মোহাম্মদ হুমায়ন কবীর (অতিরিক্ত সচিব), প্রকল্প পরিচালক, এটুআই। জনাব মোহাম্মদ মামুনুর রশিদ (কনসালটেন্ট), বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এবং সহকারী প্রফেসর, জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়। এতে সভাপতিত্ব করেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক।

## সম্পাদন পর্ষদ

| | | |
|---|---|---|
| উপদেষ্টা | : | **ড. মো: ওমর ফারুক,** রেক্টর (সচিব) |
| সম্পাদক | : | **জনাব মোহাম্মদ মোখলেছুর রহমান সরকার**, মেম্বার ডিরেক্টিং স্টাফ (প্রশাসন ও প্রশিক্ষণ) |
| সদস্য | : | **ড. মোল্লা মাহমুদ হাসান**, পরিচালক (গবেষণা ও প্রকাশনা), অতিরিক্ত দায়িত্ব |
| পরিকল্পনা ও বস্তবায়নে | : | **জনাব মো: আশিক উন নবী তালুকদার**, প্রকাশনা কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) |
| সার্বিক সহযোগিতায় | : | **জনাব তানিয়া মুন**, সহকারী পরিচালক (প্রশিক্ষণ) |
| প্রকাশকাল | : | **জুন ২০২৩** |